যুগান্তর

APR. 28 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# ফুলপুরে স্কুলে সন্ত্রাসী হামলা ভাংচুর

ফুলপুর (ময়মনসিংহ) প্রতিনিধি

প্রতিপক্ষের লোকজন রাতের আঁধারে হামলা চালিয়ে ফুলপুর উপজেলার চরনিয়ামত আদর্শ উচ্চ বিদ্যালয়টিকে ধ্বংসস্তূপে পরিণত করেছে।

জানা যায়, ১৯৯০ সালে ভুয়া জমি দেখিয়ে প্রাথমিক বিদ্যালয় ও মসজিদের জায়গায় চরনিয়ামত গ্রামের এ বিদ্যালয়টি স্থাপন করা হয়। ১৯৯১ সালের ১ জুলাই জেলা শিক্ষা অফিসার সরেজমিন তদন্তে বিষয়টি অবগত হয়ে বিদ্যালয়ের জমি বৃদ্ধি বা স্থানান্তরের পরামর্শ দেন। পরে ম্যানেজিং কমিটি ও এলাকাবাসী একই গ্রামের প্রায় ৫শ' গজ দূরে এক একর ৫৩ শতাংশ জমিতে বিদ্যালয়টি স্থানান্তর করে। এতে বিদ্যালয়ের আগের জায়গার লোকজন ক্ষিপ্ত হয়ে ওঠে। উভয়পক্ষে মামলা-পাল্টামামলা শুরু হয়।